
# কারা অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ

| ক্রমিক নং | উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | ইপ্সিত ফলাফল | চলমান/ বাস্তবায়িত |
|---|---|---|---|---|
| ০১ | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা প্রেরণ | বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা দিতে তাদের স্বজনদের অনেক সময় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়, লাইনে দাঁড়িয়ে থাকতে হয়। এতে সময় ও খরচ দুটোই অনেক বেশি লাগে। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কারাগারে না এসে সুবিধাজনক সময় ও স্থান থেকে বন্দিদের ক্যাশে প্রয়োজনীয় অর্থ প্রেরণ করা সম্ভব হবে। | **চলমান** |
| ০২ | জামিনের তালিকার ইলেক্ট্রনিক ডিসপ্লে | বন্দির স্বজনদের জামিনপ্রাপ্ত বন্দির তথ্য জানাতে কাগজে লিখিত জামিনের তালিকা ঝুলিয়ে দেয়া হলে ও অনেক ক্ষেত্রে তা সহজে দৃষ্টিগোচর হয় না। এছাড়া ঝুলিয়ে দেয়া তালিকাটি আপডেট করা কিছুটা ঝামেলাপুর্ণ এবং অনেকসময় তা করাও হয় না এতে করে দুর্ভোগ ও বিভ্রান্তির সৃষ্টি হয়। | জামিনপ্রাপ্ত বন্দিদের তালিকা এলইডি ডিসপ্লেতে প্রদর্শিত হলে তা সহজে সকলের দৃষ্টিগোচর হবে। এক্ষেত্রে তথ্য আপডেট করা সহজ হবে। এতে করে বন্দির স্বজনদের দুর্ভোগ লাঘব হবে ও বিভ্রান্তি দূর হবে। | **পাইলটিং বাস্তবায়িত** |



| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | প্রিজন্স হেল্প লাইন | কারাগার ও বন্দি সংক্রান্ত তথ্য সহজে ও দ্রুত যে কোন স্থান থেকে জানার সুনির্দিষ্ট কোন মাধ্যম নেই। | প্রিজন্স হেল্প লাইনের মাধ্যমে কারাগার ও বন্দি সংক্রান্ত নির্ভুল তথ্য সহজে ও দ্রুত পাওয়া যাবে। | **চলমান** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | ইন্টারকমের মাধ্যমে বন্দিদের সাক্ষাত | জনাকীর্ণ সাক্ষাত কক্ষে কোলাহলের কারণে স্বজনদের সাথে বন্দির সাক্ষাতের মূল উদ্দেশ্য ব্যহত হয়। | ইন্টারকমের মাধ্যমে দেখা সাক্ষাত পদ্ধতিতে কোলাহলবিহীন পরিবেশে অর্থবহ সাক্ষাত সম্ভব হবে। | **পাইলটিং বাস্তবায়িত** |




| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | আল্ট্রাভায়োলেট হিডেন সিল | কারাভ্যন্তরে ভিজিটর ও বহিরাগতদের প্রবেশের ক্ষেত্রে সাধারণ কালি দিয়ে যে সিল দেয়া হয় তা সহজে মুছে ফেলা বা কোন অসৎ উদ্দেশ্যে কারসাজির মাধ্যমে কারা নিরাপত্তা বিঘ্নিত করা সম্ভব। | আল্ট্রাভায়োলেট হিডেন সিল ব্যবহৃত হলে ভিজিটর/বহিরাগত এবং বন্দির নিরাপত্তা প্রদান সহজ হবে। | **পাইলটিং বাস্তবায়িত** |




| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | কারাগারে বন্দিদের জন্য মোবাইল ফোনবুথ স্থাপন | কারাগারে বন্দিদের জন্য মোবাইল ফোনবুথ স্থাপনের জন্য পাইলট প্রজেস্ট হিসেবে প্রধান মন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের অর্থায়নে টাঙ্গাইল জেলা কারাগারে মোবাইল ফোনবুথ স্থাপন করা হয়েছে। ২৮-০৩-২০১৮ খ্রিঃ তারিখ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় উদ্বোধন করেছেন। | বন্দিদের সাথে তাদের আত্মীয় স্বজনের যোগাযোগ সহজতর হচ্ছে। | **পাইলটিং বাস্তবায়িত** |



| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | আদালত ও কারাগারের মধ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালুকরণ। | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাক্ষ্য গ্রহণের জন্য ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এবং হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, কাশিমপুর এ ২টি কক্ষ বহিঃশব্দ নিরোধকরণ, শীতাতপ নিয়ন্ত্রণ, কক্ষের ভিতরের ও বাইরের প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং আলোক প্রক্ষেপণ ব্যবস্থার উন্নয়নসহ অন্যান্য পূর্ত বৈদ্যুতিক উন্নয়ন কার্যক্রম কারা অধিদপ্তর কর্তৃক সম্পাদন করা হয়েছে।<br>প্রধান মন্ত্রীর কার্যালয়ের এ টু আই কর্তৃক নেটওয়াকিং ও আন্যান্য কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছে। | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ঝুকিমুক্ত হাজিরা প্রদান করা যাবে। | **চলমান** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | বন্দিদের ডেটাবেজ তৈরী। | কারা অধিদপ্তর এবং **UNODC**-এর যৌথ উদ্যোগে কারা বন্দীদের জন্য একটি ডেটাবেইজ তৈরীর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | বন্দিদের তথ্য-উপাত্ত সংরক্ষণ এবং একাধিক বার কারাগারে প্রবেশকারী বন্দিদের সহজেই সনাক্ত করা ও বন্দি মুক্তি প্রদান প্রক্রিয়া সহজতর হবে। | **চলমান** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | কারা হাসপাতালে ডিজিটাল মেডিকেল রেকর্ড কিপিং সিষ্টেম চালুকরণ। | প্রাথমিক ভাবে টাঙ্গাইল জেলা কারাগারে কারা হাসপাতালে আগত বন্দিদের জন্য Inmates Medical Record File তৈরী করে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। পদ্ধতিটি ফলপ্রসূ হচ্ছে দেশের সকল কারাগারে কারা হাসপাতালে ডিজিটাল মেডিকেল রেকর্ড কিপিং সিস্টেম চালু করা হয়েছে। | বন্দি রোগীদের রোগ সনাক্তকরণ ও স্বাস্থ্যগত পরিসংখ্যান প্রাপ্তি সহজতর হচ্ছে। | **পাইলটিং বাস্তবায়িত** |



| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | Standard Leave Form এর মাধ্যমে কারা কর্মচারীদের ছুটির আবেদন প্রক্রিয়া সহজীকরণ। | দেশের কারাগারসমূহে Standard Leave Form প্রেরণ করা হয়েছে এবং ব্যবহার শুরু হয়েছে, যার সুফল সকলেই পাচ্ছে। | নির্ধারিত ফরমে সহজে ছুটির আবেদন করা হচ্ছে। | **বাস্তবায়িত** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ই-সেবার মাধ্যমে দেখা-সাক্ষাত প্রক্রিয়া সহজীকরণ। | Mobile Apps তৈরী হয়েছে। রংপুর কেন্দ্রীয় কারাগারে পাইলটিং এর কাজ চলছে। | দেখা সাক্ষাতে সময় কম লাগবে এবং দুর্ভোগ কমবে। | **পাইলটিং বাস্তবায়িত** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ওয়েস্টেজ ম্যানেজমেন্ট এন্ড ইউজেস। | কুড়িগ্রাম জেলা কারাগারে প্রাথমিকভাবে বাস্তবায়নের কাজ চলছে। | পচনশীল আবর্জনা জৈবসার এবং অপচনশীল আবর্জনা রিসাইক্লিং এর মাধ্যমে কারা চত্বর আবর্জনামুক্ত রাখা যাবে। | **চলমান** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | এসএমএস এর মাধ্যমে নিয়োগের আবেদন গ্রহণ। | নিয়োগ প্রক্রিয়া অধিকতর স্বচ্ছ এবং আবেদন প্রক্রিয়া সহজীকরণের নিমিত্তে এসএমএস এর মাধ্যমে ইতোমধ্যে কারারক্ষী নিয়োগ'২০১৭ এর আবেদন জমা নেওয়া হয়েছে। | নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ ও সহজীকরণ। | **বাস্তবায়িত** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | ওয়েব বেইজড ডিজিটাল প্রিজন ভ্যান চালু। | কারা বিভাগে ০২টি ওয়েব বেইজড ডিজিটাল প্রিজন ভ্যান চালু করা হয়েছে। | বন্দিদের যাতায়াত নিরাপদকরণ হবে। | **পাইলটিং বাস্তবায়িত** |



| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | ডে-কেয়ার সেন্টার চালু। | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারসহ ০৮ টি কারাগারে ইতোমধ্যে ডে-কেয়ার সেন্টার চালু করা হয়েছে। | শিশুদের নিরাপদ প্রতিপালন হবে। | **বাস্তবায়িত** |






| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | কারা হাসপাতালে সুষ্ঠু মেডিকেল রেকর্ড কিপিং সিষ্টেম চালুকরণ। | টাঙ্গাইল জেলা কারাগারে পাইলট প্রকল্প হিসেবে চালু করা হয়েছে। | সুষ্ঠু মেডিকেল রেকর্ড কিপিং | **বাস্তবায়িত** |



| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ফেসবুকে অভিযোগ দাখিল। | বন্দি ও সাধারণ জনগণকে সেবা প্রদানের নিমিত্তে ফেসবুকে BANGLADESH PRISON নামে একটি পেজ খোলা হয়েছে । কারা মহাপরিদর্শক উক্ত পেজে দাখিলকৃত অভিযোগ পর্যবেক্ষণ এবং নিষ্পত্তি করে থাকেন। | ফেসবুকে অভিযোগ নিষ্পত্তি করণ। | **বাস্তবায়িত** |

# কারা অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক কর্মশালা




কারা মহাপরিদর্শক মহোদয় উদ্ভাবন সক্ষমতা বিষয়ক একদিনের অরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন করেন



কারা মহাপরিদর্শক মহোদয় উদ্ভাবন সক্ষমতা বিষয়ক একদিনের অরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন করেন



কারা মহাপরিদর্শক মহোদয় ৩০.৪.১৯ তারিখ ইনোভেশন বিষয়ক দিনব্যাপী কর্মশালা-০৪ উদ্বোধন করেন



১৮.৪.১৯ তারিখ ইনোভেশন বিষয়ক দিনব্যাপী কর্মশালা -০২ এ রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



১৮.০৪.১৯ তারিখ ইনোভেশন বিষয়ক দিনব্যাপী কর্মশালা -০২ এ রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব,প্রশাসন ও অর্থ,সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়



০৫.০২.১৯ ও ০৬.০২.১৯ ইনোভেশন বিষয়ক দুই দিনের কর্মশালার আয়োজন করা হয়




০৫.০২.১৯ ও ০৬.০২.১৯ ইনোভেশন বিষয়ক দুই দিনের কর্মশালার আয়োজন করা হয়



৫.২.১৯ ও ০৬.০২.১৯ ইনোভেশন বিষয়ক দুই দিনের কর্মশালার আয়োজন করা হয়

# কারা বিভাগের Good Practice

| নং | উত্তম চর্চার বিবরণ |
|---|---|
| ১. | **মেডিটেশন চালুকরণঃ**<br>বন্দিদের সুশৃঙ্খল হওয়া, আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তাকরণের লক্ষ্যে কারাগারসমূহে মেডিটেশন কার্যক্রম চালু করা হয়েছে।<br><br><br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে মেডিটেশনরত বন্দিরা। |
| ২. | **বন্দি দরবারঃ**<br>প্রতিমাসে একবার বন্দিদের অভিযোগ/মতামত শোনার জন্য কারাবন্দিদের সমন্বয়ে দরবার আয়োজন করা হয়। জেল সুপার বন্দিদের অভিযোগ/মতামতের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করেন। |

| | |
|---|---|
| | <br><br>বন্দি দরবার নরসিংদী জেলা কারাগার। |
| ৩. | **সুপেয় পানির ব্যবস্থাকরণঃ**<br>কারা কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার্থে কারা অধিদপ্তর ভবনের প্রতি তলায় পানির ফিল্টার স্থাপন এবং বন্দিদের জন্য সুপেয় ঠান্ডা পানি সরবরাহের উদ্দেশ্যে অধিকাংশ কারাগারে ওয়াটারকুলার স্থাপন করা হয়েছে। যার সুফল পাচ্ছে বন্দি ও কর্মকর্তা-কর্মচারীরা।<br><br>কারা অধিদপ্তর এবং চাঁদপুর জেলা কারাগারে বন্দিদের জন্য ওয়াটার কুলার স্থাপন করা হয়েছে। |
| ৪. | **নিরাপত্তা ব্যবস্থা আধুনিকীকরণঃ**<br>নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেট স্থাপন করা হয়েছে। নির্ধারিত কার্ড ছাড়া কেউ অধিদপ্তরে প্রবেশের সুযোগ নেই।<br> |

| | |
|---|---|
| | |
| ৫. | **ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনঃ**<br>কারা কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরের ভিতরে খেলাধুলার আয়োজন করা হয়। এতে করে বন্দিদের মানসিক ও শারীরিক উৎকর্ষতা সাধিত হয়।<br><br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ বন্দিদের ক্রীড়া প্রতিযোগিতা। |

| | |
|---|---|
| ৬. | **মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং**<br>মাদকাসক্ত বন্দিদের পুনর্বাসনের লক্ষ্যে কারাগারসমূহে বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং এর আয়োজন করা হয়।<br><br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এ আয়োজিত মাদকবিরোধী সমাবেশ। |
| ৭. | **কারা পাঠাগার স্থাপনঃ**<br>বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন করা হয়েছে। এতকরে বন্দিরা তাদের অবসর সময়কে নিজেদের বিকাশে কাজে লাগাতে পারছে। |

| | |
|---|---|
| | <br>কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ এর পাঠাগারে অধ্যয়নরত বন্দিরা। |
| ৮. | **ধর্মীয় শিক্ষা প্রদানঃ**<br>বন্দিদের আত্মশুদ্ধির লক্ষ্যে কারাভ্যন্তরে বন্দিদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>বন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে। |

| | |
|---|---|
| ৯. | **নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদানঃ**<br>সকল কারাগারে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br> |
| ১০. | **শিশুদের জন্য পার্ক স্থাপনঃ**<br>কারাভ্যন্তরে মায়ের সাথে থাকা শিশুদের খেলাধুলা ও চিত্ত বিনোদনের জন্য কাশিমপুর মহিলা  কেন্দ্রীয় কারাগারে শিশু পার্ক “আনন্দ ভুবন” স্থাপন করা হয়েছে। |

| | |
|---|---|
| | <br>শিশু পার্কে খেলাধুলায় মত্ত শিশুরা। |
| ১১. | **সেলাই প্রশিক্ষণঃ**<br>পুনর্বাসন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কারাগারে সেলাই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।<br><br>সেলাই প্রশিক্ষণ গ্রহণ করছে বন্দিরা। |

| | |
|---|---|
| ১২. | **ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণঃ**<br>পুনর্বাসন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে পুরুষ বন্দিদের ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন।<br> |
| ১৩. | **তথ্য ও সেবাকেন্দ্র চালুকরণঃ**<br>বন্দির আত্মীয়-স্বজন ও দর্শনার্থীদের সেবা গ্রহণের সুবিধার্থে কারাগাররসমূহে তথ্য ও সেবাকেন্দ্র চালু করা হয়েছে। |

| | |
|---|---|
| | <br>তথ্য ও সেবা কেন্দ্র, ঢাকা কেন্দ্রীয় কারাগার। |